জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০১৩ শিক্ষাবর্ষ থেকে
ষষ্ঠ শ্রেণির পাঠ্যপুস্তকরূপে নির্ধারিত

---

# চারু ও কারুকলা

## ষষ্ঠ শ্রেণি


**রচনা**
হাশেম খান
এডলিন মালাকার
এ.এস.এম. আতিকুল ইসলাম
সন্‌জীব দাস

**সম্পাদনা**
মুস্তাফা মনোয়ার


---


জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা

# সূচিপত্র


| অধ্যায় | | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম | **চারু ও কারুকলার পরিচয়** | ১–৬ |
| | ● চারুকলার পরিচয় | |
| | ● কারুকলার পরিচয় | |
| | ● আদিম মানুষের শিল্পকলা | |
| দ্বিতীয় | **বাংলাদেশের চারু ও কারুকলা শিক্ষার ইতিহাস** | ৭–১৪ |
| | ● বাংলাদেশে চারু ও কারুকলা শিক্ষা এবং পথিকৃৎ শিল্পীরা | |
| | ● বাংলাদেশের শিশু ও কিশোরদের ছবি আঁকার গল্প | |
| | ● শিশুদের মুক্তিযুদ্ধের ছবি | |
| তৃতীয় | **বাংলাদেশের লোকশিল্প ও কারুশিল্প** | ১৫–২৩ |
| | ● লোকশিল্পের ধারণা | |
| | ● বাংলাদেশের লোকশিল্পের পরিচয় | |
| | ● কারুশিল্পের ধারণা | |
| | ● বাংলাদেশের কারুশিল্পের পরিচয় | |
| চতুর্থ | **ছবি আঁকার সাধারণ নিয়ম, উপকরণ ও মাধ্যম** | ২৪–৩৯ |
| | ● ছবি আঁকার সাধারণ নিয়ম | |
| | ● বিষয় সাজানো | |
| | ● আলোছায়া | |
| | ● ছবি আঁকার প্রাথমিক উপরকণ | |
| | ● কালি কলম ও কালি তুলি | |
| | ● ছবি আঁকার রং | |
| | ● ছবি আঁকার বিভিন্ন মাধ্যম | |
| | ● পেনসিল রং ও প্যাস্টেল রং | |
| পঞ্চম | **ছবি আঁকার অনুশীলন** | ৪০–৪৮ |
| | ● দৈনন্দিন ব্যবহার্য জিনিসের অনুশীলন | |
| | ● প্রাকৃতিক দৃশ্যের অনুশীলন | |
| | ● বিষয়ভিত্তিক ছবির অনুশীলন | |
| | ● নকশা | |
| ষষ্ঠ | **কাগজ ও ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম** | ৪৯–৬০ |
| | ● কাগজের ঝালর | |
| | ● কাগজের নকশা কাটা ফুল | |
| | ● শাপলা ফুল | |
| | ● ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম | |
| | ● নুড়ি পাথরের ভাস্কর্য | |
| | ● পাতা দিয়ে জিনিস তৈরি | |
| | ● পালক ও ছোট কৌটা দিয়ে শিল্পকর্ম | |
| | **রঙ ও রঙের ব্যবহার** | ৬১–৬৮ |

# নমুনা প্রশ্ন

**১. শুদ্ধ উত্তরের নিচে দাগ দাও।**

(ক) আদিম মানুষ ছবি এঁকেছে– কাগজে/ গুহার গায়ে/ দালানের দেয়ালে।

(খ) আদিম মানুষ ছবি এঁকেছে– রঙিন মাটির সাথে চর্বি মিশিয়ে/ টিউবের রঙে/ ডিমের কুসুম মিশিয়ে।

(গ) আদিম মানুষের বিষয় ছিল– নদী-নালা/ ঘর-বাড়ি/ শিকার করা জন্তু।

(ঘ) আদিম মানুষের আঁকা ছবি যে পাহাড়ের গুহায় প্রথম পাওয়া যায় তার নাম– আল্পস পর্বত/ আলতামিরা/ লাসকো।

(ঙ) আদিম মানুষ পাথরের গায়ে আঁচড় কেটে ড্রইং করত– পেনসিলে/ ছুরিতে/ পশুর হাড় সুচালো করে।

(চ) আদিম মানুষ ছবি আঁকত– প্রদর্শনী করার জন্য/ ছবি বিক্রি করার জন্য/ যাদু বিশ্বাসের জন্য/ পশু শিকারে সফল হবে বলে।

(ছ) বাংলাদেশের বিখ্যাত লোকশিল্প– জয়নুল আবেদিনের আঁকা ছবি/ নকশিকাঁথা/ বইয়ের ছবি।

(জ) নকশিকাঁথা, কাঠের পুতুল, মাটির পোড়া পুতুল ইত্যাদি বিখ্যাত– লোকশিল্প/ কারুশিল্প/ আধুনিক শিল্প।

(ঝ) কাঠের রিলিফ কাজ, তামা-কাঁসার হাঁড়ি-পাতিল ইত্যাদি বাংলাদেশের– চারুশিল্প/ কারুশিল্প/ আধুনিক শিল্প।

(ঞ) মাটি দিয়ে হাঁড়ি, পাতিল বানায়– কুমারেরা/ তাঁতিরা/ কামারেরা।

(ট) দা, কুড়াল, কাঁচি বানায়– কামারেরা/ তাঁতিরা/ কুমারেরা।

(ঠ) কুরআন শরিফের রেহেলে যে নকশা, তাতে থাকে– মাছ-পাখির নকশা/ লতা-পাতার নকশা/ ফুল-ফলের নকশা।

(ড) জায়নামাজে থাকে– মসজিদ ও মিনারের ছবি/ মানুষ ও হাট-বাজারের দৃশ্য/ শহর ও গ্রামের দৃশ্য।

২. চারুকলা বলতে কী বুঝ? সংক্ষেপে লেখ।

৩. কারুশিল্প বিষয়ে সংক্ষিপ্ত বিবরণ দাও।

পাঠ: ৬

## শিশুদের মুক্তিযুদ্ধের ছবি

১৯৭২ সালে কচি-কাঁচার মেলা ছোটদের দিয়ে ছবি আঁকিয়ে এক বিরাট কাজ করে। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের বিষয়ে সেই সময়ের শিশু-কিশোররা তিন শতাধিক ছবি আঁকে। পাকিস্তানি সৈন্যরা কীভাবে নিরীহ বাঙালিদের হত্যা করে গ্রামের পর গ্রাম, জ্বালিয়ে পুড়িয়ে শহর-বন্দর, স্কুল, কলেজ, মন্দির-মসজিদ সব ধ্বংস করে দেয়। এই পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে অস্ত্র নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে বাংলাদেশের দামাল ছেলেরা, চাষি, মজুরি কামার-কুমার, জেলে তথা সব বাঙালি। শিশু-কিশোররা অনেকেই মুক্তিযুদ্ধে নানাভাবে জড়িত ছিল। অনেকে বন্দুক নিয়ে বড়দের সাথে যুদ্ধ করে।

মাত্র চার মাস আগে যে যুদ্ধ শেষ হয়েছে, সে বিষয়ে নিজের চোখে যা দেখেছে তাই শিশুরা এঁকেছে। নিজেদের বাড়িতে ঘটা, নিজেদের গ্রামে, নিজেদের শহরে পাক হানাদার বাহিনীর আক্রমণ, বাজার-হাট, স্কুল-কলেজ, ঘরবাড়ি, বাগান জ্বালিয়ে-পুড়িয়ে দেয়া। আপনজনকে গুলি করে হত্যা করা, নির্যাতন ইত্যাদি ভয়াবহ ঘটনা, এমনি অনেক কিছু তারা ভুলতে পারেনি। সেসব অত্যাচারের বিষয় খুব মনোযোগ দিয়ে এঁকেছে। অন্যদিকে মুক্তিযোদ্ধাদের ছবি, যারা রাতের অন্ধকারে পাক হানাদার বাহিনীর আস্তানায় অতর্কিতে আক্রমণ করে তাদের নাস্তানাবুদ করেছে। তাদের ছবিও এঁকেছে।



শিশুদের আঁকা মুক্তিযুদ্ধের ছবি

বাংলার দামাল ছেলেরা পাক হানাদার বাহিনীকে পরাজিত করে বীরের বেশে গ্রামে, শহরে, নিজেদের বাড়ি ফিরে এসেছে-সেসব ছবিও শিশুরা এঁকেছে।

শিশুদের আঁকা এই বিশেষ ছবি অর্থাৎ মুক্তিযুদ্ধের তিনশত ছবি নিয়ে কচি-কাঁচার মেলায় প্রদর্শনীর আয়োজন করা হয়। সেই সময়ের অর্থমন্ত্রী এবং মুক্তিযুদ্ধকালীন স্বাধীন বাংলার বিপ্লবী সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদ প্রদর্শনীর উদ্বোধন করেন।

শিশুদের আঁকা এই ছবিগুলো ছোট-বড় দেশি-বিদেশি দর্শকদের মনে আলোড়ন তুলেছিল। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বাছাই করা ৭০টি ছবি শিশুশিল্পীরা রোকনুজ্জামান দাদাভাইকে সঙ্গে নিয়ে দেখিয়েছিল গণভবনে। শিশুদের প্রতিভার পরিচয় পেয়ে বঙ্গবন্ধু খুব খুশি হয়েছিলেন এবং শিশুদের প্রচুর প্রশংসা করেছেন। শিশুদের সঙ্গে সেদিন বঙ্গবন্ধু সাড়ে তিন ঘণ্টা গল্পগুজব করে আনন্দে কাটান এবং যত্নের সঙ্গে তাদের খাবার পরিবেশন করেন।

**কাজ :** তোমার খাতায় মুক্তিযুদ্ধ সম্পর্কে ১০টি বাক্য লেখ।

**পাঠ : ৭**

পনেরো দিন চলেছিল এই প্রদর্শনী। প্রতিদিনই অনেক মানুষ ভিড় করে শিশুদের মুক্তিযুদ্ধের ছবিগুলো দেখতে আসত। এই তিনশত ছবি থেকে অনেক ভেবে-চিন্তে বাছাই করা হলো ৭০টি ছবি। শিল্পাচার্য জয়নুল আবেদিন ও হাশেম খান এই ছবিগুলো বাছাই করেন লন্ডনে নিয়ে যাবার জন্য। জয়নুল আবেদিন শিশুদের আঁকা মুক্তিযুদ্ধের ছবি দেখে খুবই আবেগ-আপ্লুত এবং খুশি হন। সদ্য স্বাধীন দেশের শিশুশিল্পীদের ছবিতে বাংলার মুক্তিযুদ্ধ ও পাক হানাদার বাহিনীর নির্যাতন, ধ্বংসলীলা এমন চমৎকারভাবে সততার সঙ্গে শিশুরা তুলে ধরেছে যে ছবির বিষয় ও আঁকার ভঙ্গিতে যেকোনো দর্শকের হৃদয় ছুঁয়ে যায়। মুক্তিযুদ্ধের চেতনাগুলো আরও ধারালো হয়। জয়নুল আবেদিন নিজের উদ্যোগে ছবিগুলো লন্ডনে নিয়ে যেতে চাইলেন এবং ভাবলেন, শুধু দেশের মানুষ দেখলেই চলবে না। আমাদের শিশুদের চোখে দেখা মুক্তিযুদ্ধ, সহজ-সরল ও সততার সঙ্গে রং, রেখায় প্রতিটি ছবিতে তারা তুলে ধরেছে। বিশ্ববাসীকে তা দেখাতে হবে। এতে দুটো কাজ হবে- প্রথমটি, বাংলাদেশের শিশুরা যে, প্রতিভাবান, তারা কত অকপটে চমৎকার ও সুন্দর ছবি আঁকতে পারে, সেটা জানানো হবে। দ্বিতীয়টি হলো- শিশুদের সত্য ও সহজ প্রকাশের মাধ্যমে বিশ্ববাসী জানবে বাংলাদেশের মুক্তিযুদ্ধ, পাক হানাদার বাহিনীর দানবীয় অত্যাচার-নির্যাতন, মানুষ হত্যা। আরও জানবে বাংলার মানুষের সাহস ও মনোবল, যার মাধ্যমে নয় মাস মরণপণ যুদ্ধ করে পাকিস্তানি সেনাদের পরাজিত করে তারা দেশের বিজয় ছিনিয়ে এনেছে।

**পাঠ: ৮**

এই ৭০টি ছবিই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে দেখাতে নিয়ে গিয়েছিল আঁকিয়ে শিশুরা। বঙ্গবন্ধু যখন জানলেন শিল্পাচার্য ছবিগুলো লন্ডনে নিয়ে যাবেন প্রদর্শনী করতে, তখন তিনি খুবই আনন্দিত হলেন এবং বললেন- আমি এখনই লন্ডনে বাংলাদেশ হাইকমিশনের কর্মকর্তাদের জানিয়ে দিচ্ছি। তারা সব রকম সহযোগিতা করবে। তিনি বললেন, শিশুদের আঁকা এই ছবিগুলো বাংলাদেশের মূল্যবান সম্পদ। আমাদের শিশুরাও যে বাংলাদেশের স্বাধীনতার গৌরবের খবর বিশ্বের কাছে পৌঁছে দিতে পারছে, এটা আমাদের জন্য বিশাল অর্জন। ১৯৭২ সালের ২২ জুন। লন্ডনের কমনওয়েলথ ইনস্টিটিউটে বেশ জাঁকজমকভাবেই আয়োজন করা হয় বাংলাদেশের শিশুদের আঁকা মুক্তিযুদ্ধের ছবির প্রদর্শনী। খবর ছড়িয়ে পড়ার পর লন্ডনের ছেলে, বুড়ো ও মহিলারা প্রতিদিন ভিড়

করে দেখতে আসেন। বিভিন্ন পত্রপত্রিকা, বিবিসি ও অন্যান্য মাধ্যমে বিশেষ গুরুত্ব দিয়ে শিশুশিল্পীদের প্রশংসা করে খবর বের হয়, আলোচনা হয়। বৃটেনের গার্ডিয়ান পত্রিকায় প্রায় পূর্ণ পৃষ্ঠায় খবর-ছবি ছেপে বিশেষ সংখ্যা বের করে। শিশুশিল্পী দিনার আঁকা ছবি দিয়ে বড় পোস্টার ছাপা হয়। প্রদর্শনী চলার সময় তা বিক্রি করে যে অর্থ উপার্জন হয়, তা বাংলাদেশ সরকারের সাহায্য তহবিলে পাঠানো হয়। এক মাস দশ দিন চলেছিল এই প্রদর্শনী। শুধু লন্ডনেই নয়, পরে এডিনবরা শহরে এবং কানাডাসহ আরও ৮টি কমনওয়েলথ দেশে এই প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছিল। বাংলাদেশের শিশুদের আঁকা এই ছবিগুলো রাষ্ট্রের দূত হিসেবেই এক ঐতিহাসিক ভূমিকা পালন করেছিল।

**কাজ :** বাংলাদেশের শিশু-কিশোররা ছবি আঁকার মাধ্যমে মুক্তিযুদ্ধকে তুলে ধরেছিল। আর কী কী বিষয়ের মাধ্যমে আমরা মুক্তিযুদ্ধকে তুলে ধরতে পারি। ৫-৬ জনের দল গঠন করে প্রতি দল নিজেদের মধ্যে আলাপ-আলোচনা করে এ সম্পর্কে খাতায় লেখ।

## নমুনা প্রশ্ন

### ১. সঠিক উত্তরটি খাতায় লেখ।

(ক) বাংলাদেশের ছবি আঁকায় বা শিল্পকলা চর্চায় কার অবদান অনেক– ড. মুহম্মদ শহীদুল্লাহ/ সত্যজিৎ রায়/ জয়নুল আবেদিন/ শহীদুল্লা কায়সার।

(খ) শিল্পবিতান ছিল– লেখাপড়া করার স্কুল/ খেলাধুলার স্কুল/ছবি আঁকার স্কুল/ গানবাজনা শেখার স্কুল।

(গ) 'কচি-কাঁচার মেলা' সংগঠন– বুদ্ধিজীবীদের জন্য কাজ করে/ শিশু-কিশোরদের জন্য কাজ করে/ বড়দের জন্য কাজ করে/ বৃদ্ধদের জন্য কাজ করে।


(ঘ) ১৯৭২ সালে শিশু-কিশোররা মুক্তিযুদ্ধ নিয়ে– ৩৫০টি ছবি আঁকে/ ৪০০টি ছবি আঁকে/ ৩০০টির বেশি ছবি আঁকে/ ২০০টি ছবি আঁকে।

(ঙ) শিশু-কিশোররা বঙ্গবন্ধুকে দেখাতে নিয়ে গিয়েছিল বাছাই করা – ১০০টি ছবি/ ৭০টি ছবি/ ৩০০টি ছবি/ ৫০টি ছবি।

(চ) ১৯৭২ সালে মুক্তিযুদ্ধ নিয়ে শিশুদের আঁকা ছবির প্রদর্শনী হয়– নিউইয়র্ক শহরে/ লন্ডন শহরে/ প্যারিস শহরে/ টরেন্টো শহরে।

বিভিন্ন ব্রত, অনুষ্ঠানে ও পূজায় ঘরে এবং উঠানে আলপনা আঁকা বাংলাদেশের এক অতি প্রাচীন রীতি। এটিও বাংলার লোকশিল্প। এখন বিয়ে, গায়ে হলুদ, একুশে ফেব্রুয়ারিতে শহিদ মিনার প্রাঙ্গণে বা রাস্তায় যে আলপনা আঁকা হয় তা সেই প্রাচীন লোকরীতিরই ধারাবাহিকতা।

আরও বিভিন্ন প্রকার লোকশিল্প আমাদের দেশে বহুকাল থেকে প্রচলিত ও দৈনন্দিন জীবনে ব্যবহৃত হয়ে আসছে। কিছু কিছু কালের বিবর্তনে হারিয়ে গেলেও এখনো যা টিকে আছে তা অন্তত পাঁচ হাজার বছর আগেকার প্রচলিত শিল্পের ধারা। ধারা মানে কোনো বিশেষ রীতি বা নিয়ম। দেশে বা বিদেশের অন্যান্য শিল্পের ধারা থেকে আমাদের লোকশিল্পের ধারা একেবারেই আলাদা।



আলপনা

বাংলাদেশের লোকশিল্পের যে ধারা, তা হাজার হাজার বছর ধরে প্রায় অপরিবর্তিত অবস্থায় আছে। এদেশে একসময় কৃষিকাজ করেই মানুষ জীবন ধারণ করত। গোলাভরা ধান, পুকুরভরা মাছ আর গোয়ালভরা গরু নিয়ে তাদের ছিল সুখের জীবন। তাই নিজেদের আনন্দ ও শখ মেটানেরা জন্য এবং অন্যদের আনন্দ দেবার জন্য লোকশিল্পের প্রসার ঘটে।

মাটি, পুরনো কাপড়, কাঠ, বাঁশ, বেত, সোলা, তাল ও খেজুর পাতা প্রভৃতি সাধারণ উপকরণে তৈরি হয় লোকশিল্প। অতি সাধারণ হলদি, খড়িমাটি, নীল আবীর, সিন্দুর, কাঠ কয়লা প্রভৃতি রং দিয়েই তৈরি হয় এই শিল্প।

এ সমস্ত লোকশিল্প তৈরি করতে নকশা হিসেবে একই চিত্রের বারবার ব্যবহার করা হয়। এই বারবার ব্যবহার করা চিত্রকে বলা হয় মটিভ বা মুদ্রা। বাংলাদেশের লোকশিল্পে বহুল ব্যবহৃত মটিফ হচ্ছে-পদ্ম, কলকা, চন্দ্র, সূর্য, হাতি, পাখি, পানপাতা ইত্যাদি। হাজার হাজার বছর ধরে এ শিল্প মিশে আছে আমাদের জীবনে। দেশের বাইরেও আমাদের জাতির নিজস্ব সংস্কৃতির পরিচয় বহন করে আমাদের লোকশিল্প।

**কাজ :** ১. পাঁচ-ছয়জনের দল তৈরি করে প্রতিদল এই পাঠের মধ্যে যেসব লোকশিল্পের নাম উল্লেখ করা হয়েছে তার তালিকা কর। দেখা যাক, কোন দল সবচেয়ে বেশি লোকশিল্পের নাম লিখতে পারে।

২. নিজের বাসা বা বাড়িতে সংগৃহীত কয়েকটি লোকশিল্প পরবর্তীক্লাসে এনে দেখাবে।

নতুন শিখলাম : শিল্পধারা, নকশিকাঁথা, উপকরণ, মটিফ।

৩। নকশা কাটা যায়–

(ক) যেকোনো পেপার দিয়ে (খ) মাটি দিয়ে

(গ) বালি দিয়ে (ঘ) চিনি দিয়ে

৪। ফেলনা জিনিস দিয়ে তৈরি করা যায়–

(ক) মাটির পুতুল (খ) ভাস্কর্য

(গ) পোস্টার (ঘ) সুচিশিল্প

৫। রঙিন কাগজ দিয়ে–

(ক) উৎসবে ঘর সাজানো যায় (খ) কুশন তৈরি করা যায়

(গ) খাবার তৈরি করা যায় (ঘ) পোশাক বানানো যায়

বাম পাশের সাথে ডান পাশের বিষয়ের মিল কর :

| বাম | ডান |
|---|---|
| পোস্টার লেখা হয় | নুড়ি পাথর দিয়ে |
| নকশা তৈরি করা যায় | ঘুড়ির কাগজ দিয়ে |
| ঘুড়ি তৈরি হয় | পোস্টার পেপার দিয়ে |
| ভাস্কর্য তৈরি করা যায় | বোর্ড কাগজ দিয়ে |

**সৃজনশীল প্রশ্ন : ১**

উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও

কাগজ সভ্যতার বাহন, শিক্ষার প্রধান উপকরণ। লেখাপড়ার কাজে আমরা কাগজ ব্যবহার করি। বিভিন্ন কাজে ব্যবহার করে থাকি রং-বেরঙের কাগজ। এ কাগজ আমরা ফেলেও দিই। কিন্তু চাইলেই এ কাগজ ব্যবহার করে সুন্দর-সুন্দর জিনিস বানাতে পারি, উৎসব অনুষ্ঠানে ঘরবাড়ি সাজাতে পারি।

ক) শিল্পকর্ম কী?

খ) 'কাগজ সভ্যতার বাহন'– ব্যাখ্যা কর।

গ) কাগজের শিল্পকর্ম ঘর সাজাবার উপকরণ, অর্থনৈতিক দিক দিয়েও এটি গুরুত্বপূর্ণ-কথাটির তাৎপর্য আলোচনা কর।

**সৃজনশীল প্রশ্ন : ২**

নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও

মিলি ও ফাহিমদের বাসায় প্রতিদিন পুরনো কাগজ, নারিকেলের মালা, ডাব, শেষ হয়ে যাওয়া বল পয়েন্ট কলম, মাছের আঁইশ, ডিমের খোসাসহ ঘরে ব্যবহৃত নানা বর্জ্য ময়লার ঝুড়িতে ফেলা হয়। কিন্তু এসব বর্জ্য ফেলে না দিয়ে ঘর সাজাবার সুন্দর সুন্দর জিনিস তৈরি করা যায়।

ক) ফেলনা জিনিস কী?

খ) উদ্দীপকের আলোচনা থেকে কোন কোন ফেলনা জিনিস ব্যবহার করা যায় লেখ।

গ) মিলি ও ফাহিমদের বাসার বর্জ্য থেকে কীভাবে সুন্দর সুন্দর জিনিস তৈরি করা যায় বর্ণনা কর।

ঘ) মিলি ও ফাহিমদের এসব জিনিসকে কীভাবে কাজে লাগাতে পার- বিশ্লেষণ কর।

